

ভারতের প্রতিবাদের বিষয় আমরা খুবই গুরুত্বসহ দেখিব পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী আব্দুস সামাদ আজাদের সঙ্গে গতকাল শনিবার ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার মনিলাল ত্রিপাঠি সাক্ষাৎ করেন। ইহার পর আব্দুস সামাদ আজাদ বিবিসিকে বলিয়াছেন, সীমান্তে গত কয়েকদিনের সংঘর্ষ ও প্রাণহানির ঘটনা নিয়া তাহারা আলোচনা করেন। ভারতের আনুষ্ঠানিক প্রতিবাদ সম্পর্কে পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা ইহা খুবই গুরুত্বসহকারে দেখিব। গুলীবর্ষণ এবং বিএসএফ সদস্যদের উপর কোন নির্যাতন করা হইয়াছে কিনা তাহাও আমরা দেখিব। আমরা তদন্ত করিব।

সামাদ আজাদ বলেন, ঘটনা ঘটিয়াছে পদুয়ায় একটি রাস্তা নির্মাণ নিয়া। যতদূর জানিয়াছি, ঐ রাস্তাটি তৈরি করার সময় আমাদের লোকজন বাধা দিয়াছে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা সমগ্র বিষয়টি খতাইয়া দেখিব। সামাদ আজাদ বলেন, তাহাদের ক্ষোভ তাহারা প্রকাশ করিবে, এ ব্যাপারে তাহাদের রাইট আছে। ক্ষোভ প্রকাশ করাটাতো আর আমরা বন্ধ করিতে পারিব না। ইহা তাহাদের ব্যাপার। পররাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশও পদুয়ায় রাস্তার ব্যাপারে প্রতিবাদ জানাইয়াছে। তবে দুই দেশের মধ্যে আমাদের ভাল সম্পর্ক আছে এবং যে কোন ঘটনা হউক, আলাপ-আলোচনার মাধ্যমেই তাহা শেষ করিতে হইবে।

ঠাকুরগাঁয়ে জলবসন্ত ৯ সহস্রাধিক আক্রান্ত

ঠাকুরগাঁও সংবাদদাতা ৯ ঠাকুরগাঁও জেলার সর্বত্র এখন জল বসন্ত। শহরের প্রায় ঘরেই কেহ না কেহ এই রোগে আক্রান্ত। আক্রান্তের সংখ্যা সহস্রাধিক। পাশাপাশি দেখা দিয়াছে হামের প্রাদুর্ভাব। ঠাকুরগাঁও সদর হাসপাতাল সূত্রে জানা যায়, প্রতিদিন অনেক জল বসন্ত ও হামে আক্রান্ত রোগী চিকিৎসার জন্য হাসপাতালে আসিতেছে। ডাক্তাররা জানান, বৃষ্টিহীন বিরূপ আবহাওয়ার কারণে এই রোগ দ্রুত বিস্তার লাভ করিতেছে।

চট্টগ্রামে ২৫শে এপ্রিল

হরতাল প্রত্যাহার

চট্টগ্রাম অফিস ৯ বিরোধী দল কর্তৃক ২৩শে এপ্রিল হইতে আহৃত হরতাল কর্মসূচীকে সফল করিয়া তোলার লক্ষ্যে শনিবার চট্টগ্রামে সভা সমাবেশ মিছিলসহ ব্যাপক কর্মসূচী পালিত হইয়াছে। এদিকে চট্টগ্রামে ঐতিহাসিক ও ঐতিহ্যবাহী আবদুল জব্বারের বলী খেলা উপলক্ষে আগামী ২৫শে এপ্রিল বুধবার বৃহত্তর চট্টগ্রামে হরতাল প্রত্যাহার করা হইয়াছে।

চাঁপাইনবাবগঞ্জে বাস

উল্টাইয়া ৪ জন নিহত

চাঁপাইনবাবগঞ্জ সংবাদদাতা ও রাজশাহী অফিস জানায়, গতকাল শনিবার চাঁপাইনবাবগঞ্জে প্রধানমন্ত্রীর জনসভায় আসার পথে শিবগঞ্জ থানার ইসরাইলের মোড়ে বাস দুর্ঘটনায় ৪ জন নিহত হইয়াছে। বাসটি ভোলাহাট হইতে চাঁপাইনবাবগঞ্জে আসিতেছিল। আহত হইয়াছে ২৩ জন। দুপুর আড়াইটায় বাসটি বিপরীত দিক হইতে আগত ট্রাকের সহিত ধাক্কা খাইলে খাদে উল্টাইয়া পড়ে। নিহতদের নাম গোলাপী (৪০), দুলালী (৩০), তৈয়বুর ও দুখু মিয়া। আহত ১৪ জন রাজশাহী হাসপাতালে।

আজ সারাদেশে

ধিক্কার দিবস

ইত্তেফাক রিপোর্ট ৯ রমনা বটমূলে বর্ষবরণ অনুষ্ঠানে বোমা হামলা ও হত্যাকাণ্ডের প্রতিবাদে আওয়ামী লীগ আজ রবিবার সারাদেশে ধিক্কার দিবস পালন করিবে। এই উপলক্ষে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা, উপজেলায় কর্মসূচী গ্রহণ করা হইয়াছে। ঢাকা মহানগর আওয়ামী লীগের উদ্যোগে ধিক্কার দিবস উপলক্ষে আজ বিকাল ৩টায় কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হইবে। এদিকে গতকাল শনিবার মেয়র মোহাম্মদ হানিফের সভাপতিত্বে ঢাকা মহানগর আওয়ামী লীগের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রতিমন্ত্রী ও মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোফাজ্জল হোসেন চৌধুরী মায়াসহ মহানগর নেতৃবৃন্দ বক্তৃতা করেন।

এসএ মালেকের

বিরুদ্ধে অভিযোগ

সিলেট অফিস ৯ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সিলেট জেলা ইউনিট কমান্ড অভিযোগ করিয়াছে যে, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এসএ মালেক তাহার পদবীকে কাজে লাগাইয়া মুক্তিযোদ্ধা সংসদকে বিলুপ্ত করার চেষ্টা চালাইয়া নিজের নেতৃত্ব প্রতিষ্ঠার হীন চক্রান্তে লিপ্ত রহিয়াছেন। তাহারা বলেন, আগামী ২৯শে এপ্রিল প্রধানমন্ত্রীর আগমনে 'সিলেট বিভাগে মুক্তিযোদ্ধা-জনতার সমাবেশ চাই কিন্তু এসএ মালেকের সম্মিলিত মুক্তিযোদ্ধা ফ্রন্টের মুক্তিযোদ্ধা-জনতা মহাসমাবেশ চাই না।' মুক্তিযোদ্ধা-জনতা মহাসমাবেশ দাবী কমিটির চেয়ারম্যান এনাম আহমদ চৌধুরী গতকাল শনিবার স্থানীয় একটি হোটেলে সাংবাদিক সম্মেলনে এসএ মালেকের বিরুদ্ধে এই অভিযোগ করেন।

এম,পি সরোয়ারের বাড়ীতে

হামলার অভিযোগে

মামলা দায়ের

বরিশাল অফিস ৯ সংসদ সদস্য মজিবর রহমান সরোয়ারের বাড়ীতে হামলা, ভাংচুর, লুটপাট ও অগ্নিসংযোগের অভিযোগে কোতোয়ালী থানায় ৩/৪ দিন পূর্বে একটি মামলা দায়ের হইয়াছে। ঐ বাড়ীর জনৈক কামাল হইতেছে মামলার বাদী। এজাহারে কোন আসামীর নাম উল্লেখ করা হয় নাই। উল্লেখ্য, গত ৯ই এপ্রিল হরতালের রাতে কাউনিয়ায় সাধুর বটতলার ঐ বাড়ীতে এই হামলা হইয়াছিল।

বাউফলে একজনকে

জবাই করিয়া হত্যা

বরিশাল অফিস ৯ বাউফলের কারখানা গ্রামের জনৈক লতিফ মৃধাকে (৪৮) জবাই করিয়া হত্যা করা হইয়াছে। গতকাল শনিবার তাহার বাড়ী হইতে ৪ কিলোমিটার দূরে বৌলতলীর বিলে লাশ পাওয়া যায়। এই হত্যায় ১১জনের বিরুদ্ধে বাউফল থানায় মামলা হইয়াছে। কেহ গ্রেফতার হয় নাই।

পারিবারিক সূত্র জানায়, শ্বশুরবাড়ীর জমি হইতে বঞ্চিত হইয়া বাবুল তাহার বড় ভায়রা লতিফের বিরুদ্ধে কনকনিয়া ইউনিয়ন পরিষদে মামলা করে। শুক্রবার ছিল ইউ,পি অফিসে সালিশীর দিন। লতিফ সন্ধ্যায় ইউ,পি অফিসে পৌছিয়া জানিতে পারে যে, সালিশীর তারিখ পরিবর্তন হইয়াছে। সে বাড়ী ফেরার পথে খুন হয়। সূত্র জানায়, লতিফের সম্বন্ধী খালেক মৃধা মারা যাওয়ার পর তাহার স্ত্রী শিউলীকে লতিফ বিবাহ করে। বাবুলও শিউলীকে বিবাহ করিতে চাহিয়াছিল। শ্বশুরবাড়ীর জমির লোভে দুই ভায়রা শিউলীকে বিবাহে উৎসাহী হয়। লতিফ বিবাহ করার পর শ্বশুরবাড়ীর জমিতে বড় ভাগ পায়। এই ঘটনার রেশ ধরিয়া এই হত্যা সংঘটিত হয় বলিয়া নিহতের পরিবারের ধারণা।

নিরাপত্তা রক্ষায় বরিশালে

পুলিশের তৎপরতা

বরিশাল অফিস ৯ রমনার বটমূলে বোমা হামলার পর পুলিশ বিভাগের টনক নড়িয়াছে। রাজনৈতিক দলের ছোটখাট সমাবেশেও এখন মেটাল ডিটেক্টর লইয়া স্পেশাল ব্রাঞ্চার পুলিশ ঘোরাফিরা করিতেছে। গতকাল শনিবার এখানে টাউন হলে অনুষ্ঠিত হয় হিন্দু-বৌদ্ধ-খ্রীষ্টান ঐক্য পরিষদের সম্মেলন। সকাল হইতেই সেখানে মেটাল ডিটেক্টর লইয়া উপস্থিত ছিলেন এস,বি'র লোকজন। মঞ্চ স্ক্যানিংয়ের পর হলের বেশ কয়েকজনকে পরীক্ষা করা হয়। প্রতিটি সভা-সমাবেশে এখন তাহারা উপস্থিত থাকেন।

সৈয়দপুরে হোটেল-রেস্তোরাঁ ধর্মঘট ৯ জনগণের

দুর্ভোগ

সৈয়দপুর (নীলফামারী) হইতে সংবাদদাতা ৯ গতকাল শনিবার হইতে হোটেল ও রেস্তোরাঁ মালিক সমিতি আহৃত অনির্দিষ্টকালের ধর্মঘটের কারণে শহরে আগত লোকজন চরম দুর্ভোগ পোহাইতেছে। জানা যায়, গত ১৮ই এপ্রিল রাতে শহরের 'নিরিবিলি' হোটেল ও রেস্তোরাঁয় কর্মরত এক শ্রমিকের সহিত মালিকের বচসা হওয়ার ঘটনায় শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ উক্ত হোটেল ও রেস্তোরাঁ হইতে সকল শ্রমিককে প্রত্যাহার করিয়া নেয়। এই ঘটনায় হোটেল মালিক সমিতি এক সভায় ইতিপূর্বে শ্রমিক ইউনিয়নে প্রদত্ত চাঁদা ফেরত, কার্ডবিহীন শ্রমিকদের কাজে বাধা দান না করাসহ ৪ দফা দাবীতে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দেয়। ফলে গতকাল শনিবার হইতে সমিতিভুক্ত উপজেলার ১৩৫টি হোটেল ও রেস্তোরাঁ বন্ধ থাকে। অপরদিকে শ্রমিক ইউনিয়ন নেতৃবৃন্দ অভিযোগ করিয়াছেন যে, হোটেল ও রেস্তোরাঁ মালিকগণ শ্রমিকদের সহিত চরম দুর্ব্যবহার ছাড়াও মজুরী প্রদানে অনিয়ম করিয়া থাকে। গতকাল শ্রমিক ইউনিয়নের উদ্যোগে একটি বিক্ষোভ মিছিল বাহির হইয়া শহরের প্রধান রাস্তা প্রদক্ষিণ করে। শহরের সকল হোটেল ও রেস্তোরাঁ বন্ধ থাকায় অন্যান্য জেলা ও উপজেলা হইতে আগত শত শত লোক চরম দুর্ভোগ পোহাইতেছে।